# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

**প্রকাশনা**

**উপজেলা সমবায় কার্যালয়**

**চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ।**

# চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা বার্ষিক প্রতিবেদন প্রকাশ

# ২০২৩-২০২৪

## ভিশন ও মিশন

**ক) রুপকল্প : টেকসই সমবায়, টেকসই উন্নয়ন**

**খ) অভিলক্ষ্য: সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।**

## *উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য:*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ উপজেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৪১ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৯৩০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২০-২১ সনে ২৮৮টি এবং ২০২১-২২ সনে ৩২৪টি ও ২০২২-২০২৩সনে ৩৪৬টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ৩০০জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৫৫৩ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০৪২’, ‘এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ উপজেলায় সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ১৩০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বীকরা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৫৪৮০০০০/- টাকা ঋণ বিতরণ এবং ৫২৮০০০০/- টাকা আদায় করা হয়েছে।

## *সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:*

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে চাঁপাইনবাবগঞ্জ উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ২৬০টি । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## *ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য।সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | ৩ |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ০২ |
| | মোট= | ০৫ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | প্রাথমিক সাধারন | ২৬০ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ২৪৩ |
| | মোট= | ৫০৩ |

০৩। ২০২২-২০২৩ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ | ০ |
| প্রাথমিক সমিতি | ৩৪৬ | ৩৪৬ | ০ |
| মোট | ৩৪৮ | ৩৪৮ | ০ |

০৪। কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | ১১৯ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ২৪৩ |
| মোট= | ৩৬২ |

০৫। প্রাথমিক সমবায় সমিতির সদস্য  সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৬৫৬১ |
| প্রাথমিক সাধারন সমিতি | ২৭৪৪৭ |
| মোট | ৩৪০০৮ |

১২। আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

আশ্রয়ণ প্রকল্প:

| ক্র: নং | প্রকল্পের বিবরণ | | সমিতির সংখ্যা | ব্যারাক সংখ্যা | খালি ঘরের সংখ্যা | পুনর্বাসিত পরিবার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | উপজেলার নাম | প্রকল্পের সংখ্যা | | | | |
| ১ | ২(ক) | ২(খ) | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | চাঁপাইনবাবগঞ্জ সদর | ৩ | ৩ | ৩ | ০ | ৩০ |

আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প:

| ক্র: নং | প্রকল্পের বিবরণ | | সমিতির সংখ্যা | ব্যারাক সংখ্যা | খালি ঘরের সংখ্যা | পুনর্বাসিত পরিবার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | উপজেলার নাম | প্রকল্পের সংখ্যা | | | | |
| ১ | ২(ক) | ২(খ) | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | চাঁপাইনবাবগঞ্জ সদর | - | - | - | - | - |

১৩। ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃনং | উপজেলার নাম | এ বছরের লক্ষ্যমাত্রা | জুন/২০২৪ মাস পর্যন্ত সমাপ্তকোর্সেরসংখ্যা | মোটকোর্সেরসংখ্যা | প্রশিক্ষণেরঅংশগ্রহণকারীসদস্যেরসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | চাঁপাইনবাবগঞ্জ সদর | ১০০ | ০৪ | ০৪ | ১০০ | |

১৪। আইজিএ প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| প্রশিক্ষনের ধরণ | প্রশিক্ষনার্থীর ধরণ | কোর্স সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইজিএ | সমবায়ী | ০৩ | ০ | ১৫ | ১৫ | |

১৫। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়াধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প:-

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গাভীপ্রকল্প | ২৪০০০০০০/= | ৪৬২০০০০০/= | ৪২২ | ৯১.৩৪% | ০ | ০ |

**১) আশ্রয়ণ প্রকল্পঃ** সমবায় বিভাগের মাধ্যমে আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালিত হয়। ০৩টি সমিতিতে ঋণ কার্যক্রম পরিচালনা হয়। অদ্য তারিখ পর্যন্ত আবাস থেকে প্রাপ্ত ঋণ ৯,৬০,০০০/- টাকা ঘুর্নায়মান দাদন ৫৪৮০০০/- টাকা। ঋণ আদায় ৫৪৭৮০০০/- টাকা, আদায়ের হার ৯৯%। ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে।

**২) উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পঃ** নারী উন্নয়ন প্রকল্পের ০২টি সমবায় সমিতির মাধ্যমে ২,৪০,০০,০০০/- টাকা উন্নত জাতের গাভী পালনের জন্য ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়। এ পর্যন্ত ঘুর্নায়নমান ঋণ বিতরণ ৪,৫০,০০,০০০/- টাকা, মোট আদায় ৩,১৭,৬১,৫০০/- টাকা, আদায়ের হার ৯১%। সর্বমোট ২৪৩ জন সদস্য ঋণ প্রাপ্ত হয়েছে। ঋণ আদায় চলমান আছে।

৩)**দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পঃ** অত্র জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় উক্ত নামে০২টি সমবায় সমিতি রয়েছে যার সদস্য সংখ্যা ১০০জন, তন্মধ্যে ০১টি সমিতির ৫০জন সদস্যদের মাঝে ৮০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে ও সমিতি কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।

**৪) প্রশিক্ষণঃ** অত্র বিভাগের মাধ্যমে জেলায় সমবায় সমিতির সদস্যদের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে সমবায় ব্যবস্থাপনা, গাভীপালন, সবজী চাষ, মৎস্যচাষ, বাল্য বিবাহ, পরিবার পরিকল্পনা সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষণ প্রদানসহ সমবায় উদ্দ্যোক্ত সৃষ্টি ব্যবস্থাপনা, আইজিএ, সেলাই/ব্লকবাটিক, গাভীপালন, কম্পিউটার প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণ অব্যাহত আছে।

উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য

কর্মকর্তা

কর্মচারী (গ্রেড ও জ্যেষ্ঠতা অনুযায়ী)

| নং | নাম | পদবি | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | জনাব মোঃ শফিকুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | ০১৭১৬৯২৪৮৪০ |
| ২ | জনাব মোঃ আবদুস সাত্তার | সহককারী পদির্শক | ০১৭১৫২৩৪৫৯৬ |
| ৩ | জনাব মোঃ রিয়াদ ফয়সল | সহককারী পদির্শক | ০১৭১৬০৩১১৪৯ |
| ৪ | জনাব মোঃ নাসিরুল ইসলাম | অফিস সহকারী | ০১৭৭২৯৬৯০৯৪ |
| ৫ | জনাব মোঃ রেজাউল করিম | অফিস সহায়ক | ০১৭৬৩০১৬৪০৬ |

## চাঁপাইনবাবগঞ্জ সদও উপজেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীর মঞ্জুরীকৃত পদের সংখ্যা

| ক্রঃনং | পদেরনাম | মোটমঞ্জুরীকৃতপদেরসংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপজেলা সমবায় অফিসার | ০১ |
| ২ | সহকারী পরিদর্শক | ০২ |
| ৩ | অফি সসহঃ কাম কম্পিউটার অপারেটর | ০১ |
| ৪ | অফিস সহায়ক | ০১ |
| | **উপজেলারমোট** | **০৫** |
| | **সর্বমোট=** | **০৫** |

## উপজেলা সমবায় কার্যালয় সমূহের ২০২৩-২০২৪ সনের বার্ষিক এপিএ মূল্যায়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
WWW.cooparative.chapainawabganj.gov.bd

**আওতাধীন থানা/উপজেলা কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক এপিএ মূল্যায়ন**

| নং | কার্যালয়ের নাম | কর্মসম্পাদন পরিকল্পনা (পূর্ণমান: ৭০) প্রাপ্তনম্বর | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম (পূর্ণমান: ৩০) | | | | | | সার্বিক এপিএ (পূর্ণমান: ১০০) সর্বমোট প্রাপ্তনম্বর [৩+৯] | গ্রেড |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুদ্ধাচার কর্মপরিকল্পনা (পূর্ণমান: ১০) প্রাপ্তনম্বর | ই-গভ. ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (পূর্ণমান: ১০) প্রাপ্তনম্বর | জিআরএস কর্মপরিকল্পনা (পূর্ণমান: ৪) প্রাপ্তনম্বর | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (পূর্ণমান: ৩) প্রাপ্তনম্বর | তথ্য অধিকার কর্মপরিকল্পনা (পূর্ণমান: ৩) প্রাপ্তনম্বর | ৫টি কম্পোনেন্টে মোট (পূর্ণমান: ৩০) প্রাপ্তনম্বর | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | শিবগঞ্জ | ৬৫.২৫ | ৮.৬০ | ৮.৮০ | ৩.৯৩ | ২.৫২ | ২.৫০ | ২৬.৩৫ | ৯১.৬০ | বি |
| ২ | চাঁপাইনবাবগঞ্জ সদর | ৬৪.৫০ | ৭.৩০ | ৭.০৫ | ৩.৩৬ | ২.২৫ | ২.৮০ | ২২.৭৬ | ৮৭.২৬ | সি |
| ৩ | নাচোল | ৬৩.২৫ | ৭.০০ | ৭.২৫ | ৩.৩৬ | ২.৩১ | ২.৪০ | ২২.৪২ | ৮৫.৬৭ | সি |
| ৪ | ভোলাহাট | ৬৩.২৫ | ৬.৩০ | ৬.৩০ | ৩.৪৮ | ২.২৮ | ২.৩০ | ২০.৬৬ | ৮৩.৯১ | সি |
| ৫ | গোমস্তাপুর | ৬০.৭৫ | ৫.০৫ | ৫.৬০ | ২.৩৬ | ২.২৫ | ১.৫০ | ১৬.৭৬ | ৭৭.৫১ | ডি |

২১/০৮/২৪
(পলাশ কুমার প্রামানিক)
এপিএ টিম লিডার ও সরেজমিনে তদন্তকারী
জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

২২.৮.২৪
(মো: মোস্তাফিজুর রহমান)
জেলা সমবায় অফিসার (ভাঃপ্রাঃ)
জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

## চাঁপাইনবাবগঞ্জ জেলার সফল/উদ্যোক্ত হিসাবে প্রতিষ্ঠিত মহিলা সমবায়ীরতথ্য

| ক্রঃ নং | মহিলা সমবায়ীর নাম ও ঠিকানা ও মোবাইল নং | সমবায় সমিতির নাম, ঠিকানা ও রেজি: নং | সমিতির সদস্য হিসাবে অন্তর্ভূক্তির তারিখ | প্রাপ্ত প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম | গৃহীত কাযর্ক্রম | স্বকর্মসংস্থা/ কর্মসংস্থানের সংখ্যা | অন্যান্য সামাজিক কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | মোসাঃ আয়েশা খাতুন<br>গ্রাম- ঘাটিয়ালপাড়া<br>ডাক- নামোশংকরবাটি<br>মোবাঃ ০১৭৬৭০১০৮৭২ | ঘাটিয়ালপাড়া হেনা মহিলা সঃসঃলিঃ<br>গ্রাম- ঘাটিয়ালপাড়া<br>ডাকঘর- নামোশংকরবাটি<br>রেজিঃ নং- ৩০<br>তারিখ- ১৭/০৯/২০০৯ | ০১/০৭/০৯ | ব্লক বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ১০ জন | বৃক্ষরোপন, কৃতি ছাত্র ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান, সমিতির উদ্যোগে সদস্যদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান। | |
| ২ | মোসাঃ ফাতেমা জোহরা<br>গ্রাম- উপর রাজারামপুর<br>ডাক- উপর রাজারামপুর<br>মোবাঃ০১৭৩২৭৩১৬৮৮ | উপর রাজারামপুর কল্যাণী মহিলা সঃসঃলিঃ<br>গ্রাম- উপর রাজারামপুর<br>ডাক- উপর রাজারামপুর<br>রেজিঃ নং- ৩৬<br>তারিখ- ২৪/০৬/২০০৮ | ২০/০৯/১০ | ব্লক বাটিক, অফিস ব্যবস্থাপনা | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ১২ জন | শীতবস্ত্র বিতরণ, ধর্মীয় শিক্ষার ব্যবস্থা, লাশ দাফান-কাফন, আয়বর্ধক প্রশিক্ষণ। | |
| ৩ | মোসাঃ সায়েরা খাতুন<br>গ্রাম- ভাবুক<br>ডাক- আমনুরা মোবাঃ ০১৭২৬৩৪৫৪৩৮ | ভাবুক রজনীগন্ধা মহিলা সঃসঃলিঃ<br>গ্রাম- ভাবুক,ডাকঘর- আমনুরা<br>রেজিঃ নং- ০৬<br>তারিখ- ০৮/০৭/২০০৯ | ০৮/০৭/০৯ | ব্লক বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ০৭ জন | বৃক্ষরোপন, দরিদ্রদের আর্থিক সহায়তা প্রদান | |

## <u>উপজেলায় সমবায়ের মাধ্যমে চলমান প্রকল্প সমুহঃ</u>

১. আশ্রয়ণ প্রকল্প/আশ্রয়ণ ফেইজ-২

২. সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প।

৩. উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প।

৪. দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প।

# সমবায় পুরস্কার বিজয়ী সমবায় সমিতি লিঃ এর তথ্য

## জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ

| নং | সমিতির নাম নিবন্ধন নং ও তারিখ | পূর্ণাঙ্গ ঠিকানা | সমিতির মৌলিক কাজ সর্বোচ্চ ৩ | সদস্য | | | জমির পরিমাণ ও মূল্য | শেয়ার মূলধন | সঞ্চয় আমানত | বিতরণকৃত ঋণ স্থিতি | বিনিয়োগ (ঋণ ব্যতীত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | দারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ মূল নিবন্ধন নং-০৯, তারিখ-০৪/১২/২০০৭ সংশোধিত নিবন্ধন নং-১৩৮৯, তারিখ-২৯/০৫/২০১৬ | গ্রাম-দারিয়াপুর, ডাকঘর-চৌহদ্দিটোলা, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ১। সদস্যদের কাছ থেকে শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে মূলধন গঠন। ২। ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, সুষম সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি ও মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধি। ৩। সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন। | ৮০৩ | ৮৩৪ | ১৬৩৭ | ৬০.৮৮ শতক ০১ কোটি ৩০ লক্ষ | ৯৫৭৪৪৬৮ | ৪৪৮০৪৮১৬ | ৪৮৭৬৮০০০ | - |
| ২ | অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ মূল নিবন্ধন নং-০১, তারিখ-০৯/০৫/১৯৯৬ সংশোধিত নিবন্ধন নং-০২, তারিখ-০১/০৭/২০১৩ | গ্রাম-গণকা, ডাকঘর-চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ১। সদস্যদের কাছ থেকে শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে মূলধন গঠন। ২। ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, সুষম সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি ও মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধি। ৩। সদস্যদের প্রয়োজনে ঋণ সহায়তা প্রদান। | ১৩১১ | ৮২৬ | ২১৩৭ | ০.৫ শতক ২৫ লক্ষ | ২১০২০৫০ | ৫১২৩২১২৮ | ১৪৯৪২০০০ | - |

| নীট লাভ | লভ্যাংশ বিতরণের পরিমাণ | পরিশোধিত অডিট ফি এর পরিমাণ | পরিশোধিত সিডিএফ এর পরিমাণ | সামাজিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | প্রশিক্ষিত সদস্য সংখ্যা | স্ব-কর্মসংস্থানের সংখ্যা | কর্মচারীর সংখ্যা | অনুমোদিত সার্ভিস রুল আছে কিনা | ছবি ক্যাপশনসহ (কমপক্ষে ০২টি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ৩৯৯০২৭৩ | ১৪১৫০২০ | ১০০০০ | ৮৮৩১৫ | জমাকৃত শেয়ার সঞ্চয়ের টাকা থেকে স্বল্প সার্ভিস চার্জে সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদেও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা, নদী হতে ক্যানেলের মাধ্যমে পানি উত্তোলন করে জমিতে পানির ব্যবস্থা করা, সদস্যদের ছেলেমেয়েদের শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও সদস্যদের মৃত্যুভাতা, মহিলাদের সেলাই মেশিন বিতরণ ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | ১২৫ | ২৫০ | ০৬ | - | |
| ২৭৫৯৩০৯ | ২০৫৬৪৩ | ১০০০০ | ১০৫৩৬ | জমাকৃত শেয়ার সঞ্চয়ের টাকা থেকে স্বল্প সার্ভিস চার্জে সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদেও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা হয়। সদস্যদের ছেলেমেয়েদের শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও সদস্যদের মৃত্যুভাতা, মহিলাদের সেলাই মেশিন বিতরণ ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | ১৩২ | ৩১০ | ০৩ | - | |

**জাতীয় সমবায় পুরস্কার,২০২২প্রাপ্ত সমিতির তথ্য** (৫২ তম জাতীয় সমবায় দিবসে যে সমিতি পুরস্কার পেয়েছে)

| নং | সমিতির নাম নিবন্ধন নং ও তারিখ উপজেলার নাম | সদস্য | শেয়ার | সঞ্চয় | ঋণ বিতরণ | জমির পরিমাণ ও মূল্য | নীট লাভ | সিডিএফ | কর্মসংস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-০১, তারিখ-০৯/০৫/১৯৯৬, চাঁপাইনবাবগঞ্জ সদর | ২০৮৯ | ২১০২০৫০ | ৫২২৪৫২৩০ | ২৬১২৯০০০ | ৫ শতক মূল্য ৪৯,৪১৫/- | ১০২৩০০৭ | ৩০৬৯০ | ১৯ জন |

সমবায় শক্তি, সমবায়ই মুক্তি এই স্লোগানকে সামনে রেখে দারিদ্র বিমোচন ও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৬ সালে অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর আত্মপ্রকাশ ঘটে। অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিটি চাঁপাইনবাবগঞ্জ সদরের গণকা গ্রামে অবস্থিত। সমিতিটির নিবন্ধন নং- ০১, তারিখ- ০৯/০৫/১৯৯৬ ইং, সংশোধিত নিবন্ধন নং-০২, তারিখঃ- ০১/০৭/২০১৩ইং। চাঁপাই নবাবগঞ্জ সদর উপজেলাধীন অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ চাঁপাইনবাবগঞ্জের কৃষি ক্যাটাগরীতে ২০১৪ ও ২০২২ সনে জাতীয় সমবায় পুরস্কারে ভূষিত হয়েছিল।

সমিতির প্রতিষ্ঠা কালিন সদস্য ছিল ৪০ জন। কালের বিবর্তনে আজ তা ২২৫৩ জনে এসে ঠেকেছে। সমিতির সদস্যরা অত্যান্ত সচেতন। তারা নিয়মিত শেয়ার সঞ্চয় জমার পাশাপাশি সমিতির উন্নয়নের জন্য সবসময় সচেষ্ট। সমিতির ব্যবস্থাপনা কমিটির  সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায় সমিতির সভ্য নির্বাচনী  এলাকার আঠারো বছরের উপরে সকলকে এই সমিতির অর্ন্তভূক্ত উদ্দ্যোগ নিয়েছে।

সমিতির বিগত বছরগুলোতে উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে সমিতির আর্থ সামাজিক উন্নয়ন সাধনের জন্য সেচ প্রকল্পের আওতাভূক্ত চাষীদের সেচের মাধ্যমে দারিদ্র বিমোচন একটি বড় সাফল্য। সমিতিটির মাধ্যমে সর্বমোট ৫৩৫ হেক্টর জমিতে সেচ চাষ করে থাকে। সদস্য প্রায় ৪০০ জন সদস্যদের ক্ষদ্র ঋণ গ্রহনের মাধ্যমে স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। সমিতিতে ২২জন কর্মচারী রয়েছে।

অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর কর্ম এলাকা কৃষি প্রধান এলাকা। সেচ প্রকল্প গ্রহন সদস্যদের আবাদযোগ্য জমিতে পাকা নালা ও কাঁচা নালার মাধ্যমে সেচ দিয়ে ফসল উৎপাদন করলে দরিদ্র মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। সেই উদ্দেশ্যকে সামনে রেখে সমিতিটি সামনে এগিয়ে চলেছে।

সমিতিতে এই বিশ্ব মহামারী করোনাকালে ৩৫০ জন অস্বচ্ছল ও দ্ররিদ্র সদস্যদের মাঝে গত ২৪/০৪/২০২০খ্রিঃ তারিখে  ১,২০,৪০০/-টাকা মূল্যের চাল,ডাল,আলু ও সাবান বিতরন করেছে। দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করা হয়েছে। এছাড়াও আলোচ্য ২০২১-২২ অর্থ বছরে সদস্যদের চিকিৎসা খরচ বাবদ ৮০,০০০/-টাকা ও বৃক্ষরোপনে ৮৭০/-টাকা ব্যয় করা হয়েছে।

সমিতির মধ্যে গণতান্ত্রিক চর্চা রয়েছে। নিয়মিত শেয়ার ,সঞ্চয় অর্থাৎ পুঁজিগঠনে সদস্যরা অন্যতম ভূমিকা পালন করে।  সমবায় আইন ও বিধি অনুযায়ী নিয়মিত মাসিক সভা, বার্ষিক সাধারণ সভা আয়োজন করে সদস্যদের জবাবদিহিতা নিশ্চিত করা হয়। সমবায় আইন ও বিধি মেনে চলার কারনে সমিতিতে কোন বিশৃঙ্খলা নাই। সঠিক সময়ে সবকিছু সুচারু রূপে পরিচালিত হয়। এলজিইডি এর সহযোগিতা নিয়ে ক্যানাল নির্মান করে নামমাত্র সার্ভিস চার্জ উত্তোলন করে  সদস্যদের জমিতে মৌসুম ভিত্তিক পানি সরবরাহ করে সদস্যদের অর্থনৈতিক অবস্থার উন্নতি করে চলেছে। জমাকৃত শেয়ার সঞ্চয়ের টাকা থেকে স্বল্প সার্ভিস চার্জে সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদেও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা হয়। সদস্যদের ছেলেমেয়েদের শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও সদস্যদের মৃত্যুভাতা, মহিলাদের সেলাই মেশিন বিতরণ ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।


সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ
৫২তম জাতীয় সমবায় দিবস ২০২৩
এবং
জাতীয় সমবায় পুরস্কার ২০২২ প্রদান অনুষ্ঠান
প্রধান অতিথি : জনাব মোঃ তাজুল ইসলাম এমপি
মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিশেষ অতিথি : জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি
মাননীয় সভাপতি, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বিশেষ অতিথি : জনাব মোসাম্মৎ হামিদা বেগম
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্বাগত বক্তা : জনাব মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
সভাপতি : জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৫২তম জাতীয় সমবায় দিবস ২০২৩


সমবায়
পুরস্কারপ্রাপ্ত সমবায় সমিতি
অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ


য় সম্পর্কিত স্থায়ী কমিটি
ক্যাটাগরি-১: কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়
পুরস্কারপ্রাপ্ত সমবায় সমিতি:
অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ
৫২তম জাতীয় স
দিবস ২০২৩


সমবায় অধিদপ্তর





## বার্ষিক কার্যক্রমের স্থির চিত্রঃ

### ২০২৩-২০২৪ সনের এপিএ চুক্তি




উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে গাভী ঋণের চেক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত আছেন জনাব মোঃ আকরাম হোসেন, জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ মহোদয়, ফ্যাসিলিটেটর জনাব মিহির কুমার সিংহ ও এলএফএআই জনাব মোঃ মিজানুর রহমান।



জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক আয়োজিত ৫২তম জাতীয় সমবায় দিবস-২৩ উদযাপনের স্থিতির চিত্র।






অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ “জাতীয় সমবায় পুরস্কার-২২” অর্জন করায় জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ এর সাথে শুভেচ্ছা বিনিময়।




বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রশিক্ষণের স্থির চিত্র



* সমবায় শক্তি; সমবায়ই মুক্তি

* সমবায়ের দর্শন; টেকসই উন্নয়ন

* চারিদিকে একি শুনি; সমবায়ের জয়ের ধনি

* দশের লাঠি একের বোঝা; সমবায়ের পথটি সোজা

* সততাই শক্তি; সমবায়েই মুক্তি

* একতা ও সততা; সমবায়ের মূল কথা

* সমবায়ে কাজ কর; সবাই মিলে দেশ গড়

* সমবায়ের ক্ষুদ্র ঋণ; আনবে মোদের সুখের দিন

* মাঠে মাঠে সোনার ধান; সমবায়ের অবদান

* দুঃখ জয়ের নবীন মন্ত্র ; সমবায় সমবায়

* দশে মিলে গড়তে হবে দেশটাকে ভাই;
  সমবায় ছাড়া আর কোন বিকল্প যে নাই।